

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)


স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০২০.১৯.২৩৩

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৬ ব.  
২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়: Governance, Financial Management & Public Procurement প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'বিয়াম ফাউন্ডেশনের কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ' শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় Governance, Financial Management & Public Procurement প্রশিক্ষণ কোর্স আগামী ১৩ অক্টোবর ২০১৯ হতে প্রশিক্ষণ কোর্স শুরু হবে। সরকারি ক্রয় ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কোর্সটি চালু করা হয়েছে। কোর্সের মেয়াদ ৩০ (ত্রিশ) দিন। প্রথম ১৫ দিন অভ্যন্তরীণ প্রশিক্ষণ (আবাসিক) বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় এবং অবশিষ্ট ১৫ দিন (যাতায়াতসহ) বিদেশে অনুষ্ঠিত হবে। সরকারের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিব পর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। এক্ষেত্রে জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা (পিএটিপি) প্রযোজ্য হবে। উল্লেখ্য, যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে ইতালির তুরিনস্থ ITC-ILO তে প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০২। এমতাবস্থায়, শারীরিক ও মানসিকভাবে সুস্থ কর্মকর্তাগণ আগামী ০২ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দৃ.আ. উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা, কক্ষ-১০৪, ভবন-০২, জনপ্রশাসন মন্ত্রণালয়) বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। আবেদনের অগ্রিম কপি [it3@mopa.gov.bd](mailto:it3@mopa.gov.bd) মেইল প্রেরণ করা যাবে।

  
(মো. আনোয়ারুল ইসলাম সরকার)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭১১৩

অনুলিপি (সদয় অবগতির জন্য):

পরিচালক (যুগ্মসচিব), বিয়াম ফাউন্ডেশন ও  
প্রকল্প পরিচালক, 'বিয়াম ফাউন্ডেশনের কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ'  
শীর্ষক উন্নয়ন প্রকল্প, ঢাকা।

আবেদন ফরম

বরাবর

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: Governance, Financial Management & Public Procurement প্রশিক্ষণ কোর্সে  
মনোনয়নের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি 'বিয়াম ফাউন্ডেশনের কোর কোর্সসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ' শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় Governance, Financial Management & Public Procurement প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম ও পরিচিতি নম্বর	:	
০২।	পদবি ও কর্মস্থল	:	
০৩।	জন্ম তারিখ	:	
০৪।	বয়স (১৩/১০/২০১৯ তারিখে)	:	
০৫।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৬।	অবসর গ্রহণের তারিখ	:	
০৭।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৮।	মোবাইল নম্বর	:	
০৯।	ইমেইল নম্বর	:	

এমতাবস্থায়, আমাকে উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত,

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর